# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২০২

১/ বিবিধ

আরবী

كان يأكل بكفه كلها

موضوع

أخرجه العقيلي في " الضعفاء " (4/90) وابن الجوزي في " الموضوعات " (3/35 ـ 36) من طريق إبراهيم بن سعد عن ابن أخي ابن شهاب عن امرأته أم الحجاج بنت محمد بن مسلم قالت: كان أبي يأكل بكفه (الأصل: بكفيه وهو خطأ مطبعي) فقلت: لوأكلت بثلاث أصابع. قال: فذكره.

أورده العقيلي في ترجمة ابن أخي الزهري واسمه محمد بن عبد الله بن مسلم، وقد ضعفه بعضهم، وقال العقيلي عقبه: لم يتابع عليه

وأقول: الراجح فيه أنه " صدوق صالح " كما قال الذهبي، واحتج به الشيخان وإنما علة الحديث عندي امرأته أم الحجاج فإني لم أعرفها، وأبوها محمد بن مسلم هو الإمام الزهري عم زوج ابنته، وهو تابعي صغير، فالحديث إلى الجهالة التي فيه مرسل أومعضل.

وأما ابن الجوزي فلم يعرفه، لأنه لم يقع مسمى في روايته، فقال " هذا حديث موضوع على رسول الله صلى الله عليه وسلم، والمرأة مجهولة وأبوها لا يعرف، وفي " الصحيح " أن رسول الله صلى الله عليه وسلم كان يأكل بثلاث أصابع

وهذا الحديث الموضوع على رسول الله صلى الله عليه وسلم، والمرأة مجهولة وأبوها

لا يعرف، وفي " الصحيح " أن رسول الله صلى الله عليه وسلم كان بثلاث أصابع
وهذا الحديث الموضوع أصل تلك العادة المتبعة في بعض البلاد العربية، وهي أكلهم الأرز ونحوه بأكفهم من " المناسف "، فهم بذلك يخالفون السنة الصحيحة وهي الأكل بثلاث أصابع، ويعملون بالحديث الموضوع المخالف لها!
ومن الغريب أن بعضهم يستوحش من الأكل بالمعلقة، ظنا منه أنه خلاف السنة! مع أنه من الأمور العادية، لا التعبدية، كركوب السيارة والطيارة ونحوها من الوسائل الحديثة، وينسى أويتناسى أنه حين يأكل بكفه أنه يخالف هديه صلى الله عليه وسلم

বাংলা

১২০২। তিনি তার সম্পূর্ণ হাতের তালু দিয়ে (অর্থাৎ সব আঙ্গুল ব্যবহার করে) ভক্ষণ করতেন।

হাদীসটি বানোয়াট।

হাদীসটি ওকায়লী "আয-যুয়াফা" গ্রন্থে (৪/৯০) ও ইবনুল জাওযী “আলমওযুয়াত” গ্রন্থে (৩/৩৫-৩৬) ইবরাহীম ইবনু সা’দ হতে, তিনি ইবনু আখী ইবনে শিহাব হতে, তিনি তার স্ত্রী উম্মুল হাজ্জাজ বিনতু মুহাম্মাদ ইবনু মুসলিম হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ ...।

হাদীসটি ওকায়লী ইবনু আখী যুহরীর জীবনী বর্ণনা করতে গিয়ে উল্লেখ করেছেন। তিনি হচ্ছেন মুহাম্মাদ ইবনু আবদিল্লাহ ইবনে মুসলিম। তাকে কেউ কেউ দুর্বল আখ্যা দিয়েছেন। এরপর ওকায়লী বলেনঃ তার অনুরূপ অন্য কেউ বর্ণনা করেননি।

আমি (আলবানী) বলছিঃ অগ্রাধিকার প্রাপ্ত মত এই যে, তিনি দুর্বল নন, বরং তিনি সত্যবাদী নেককার যেমনটি হাফিয যাহাবী বলেছেন। ইমাম বুখারী ও মুসলিম তার দ্বারা দলীল গ্রহণও করেছেন। আমার নিকট হাদীসটির সমস্যা হচ্ছে উম্মুল হাজ্জাজ, কারণ তাকে আমি চিনি না। আর তার পিতা মুহাম্মাদ ইবনু মুসলিম হচ্ছেন ইমাম যুহরী, তিনিই তার মেয়ের স্বামীর চাচা। তিনি ছোট তাবেঈ। অর্থাৎ উম্মু হাজ্জাজের সাথে তার চাচাতো ভাইয়ের বিয়ে হয়েছিল।

কিন্তু ইবনুল জাওযী তাকে চিনতে না পেরে বলেছেনঃ হাদীসটি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর প্রতি বানানো হয়েছে। সে মহিলা মাজহুল আর তার পিতাও অপরিচিত। আর সহীহ হাদীসে এসেছে যে, রসূল সাল্লাল্লাহু

আলাইহি ওয়াসাল্লাম তিন আঙ্গুল দ্বারা খেতেন।

এ বানোয়াট হাদীসটির মূল হচ্ছে কোন কোন আরব দেশের লোকদের অভ্যাস। তারা চাল বা অনুরূপ কোন কিছু ভক্ষণ করত সম্পূর্ণ হাত (অর্থাৎ সব আঙ্গুল) ব্যবহার করে। এ অভ্যাসের দ্বারা তারা সহীহ সুন্নাতের বিরোধিতা করেছে সেটি হচ্ছে “তিন আঙ্গুল দিয়ে ভক্ষণ করা” আর সহীহ সুন্নাহ বিরোধী বানোয়াট হাদীসের উপর আমল করেছে!

আজব ব্যাপার এই যে, তাদের কেউ কেউ চামচ দ্বারা খাওয়াকে অপরাধ মনে করেছে এ ধারণায় যে, চামচ ব্যবহার করা সুন্নাত বিরোধী। অথচ এটি অভ্যাসগত ব্যাপার, ইবাদাতগত বিষয় নয়। যেমন গাড়ী, বিমান বা নবাবিস্কৃত অনুরূপ কিছুতে ভ্রমণ করা। অথচ তারা এটা ভুলেই গেছে যে, তারা যখন সম্পূর্ণ হাত দ্বারা (অর্থাৎ সব আঙ্গুল ব্যবহার করে) ভক্ষণ করছে তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সুন্নাতের বিরোধিতা করেই তা করছে।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72081

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন